গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
হোমনা, কুমিল্লা
www.dwa.homna.comilla.gov.bd

## উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির জুলাই/২৪ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ক্ষেমালিকা চাকমা<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ৩১-০৭-২০২৪ |
| সভার সময় | ১১:৩০ টা |
| স্থান | উপজেলা পরিষদ মিলনায়তন, হোমনা, কুমিল্লা। |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক"। |

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করতে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং এতে সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ০১. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সকলের অবগতির জন্য জানান যে, বাল্যবিবাহ নিরোধ একটি সমন্বিত কার্যক্রম। বাল্যবিবাহ বন্ধ করতে হলে সমাজের প্রতিটি স্তরের সকল মানুষকে নিয়ে একটি সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে। ২০১৭ সালের বাল্যবিবাহ নিরোধ আইন অনুযায়ী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ছাড়াও উপজেলা নির্বাহী মেজিস্ট্রেট, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বা স্থানীয় সরকারের প্রতিনিধি যে কোনো ব্যক্তি বাল্যবিবাহ বন্ধ করার ক্ষমতা রাখেন। প্রতিটি ইউনিয়নে বাল্যবিবাহ বন্ধ করার জন্য ইউনিয়ন পরিষদ এবং উপজেলা প্রশাসন সার্বক্ষনিক তৎপর থাকেন। অত্র কার্যালয়ে এ মাসে বাল্যবিবাহ সংঘটিত হওয়ার কোন অভিযোগ পাওয়া যায়নি। এছাড়াও তিনি আরও বলেন যে, বাল্যবিবাহের কুফল সম্পর্কে দুলালপুর ও ভাষানিয়া ইউনিয়নে ০২ টি সচেতনতা বৃদ্ধিমূলক সভা করা হয়েছে। | ০১। বাল্যবিবাহ নিরোধ আইন সম্পর্কে জনগণকে জানানোর জন্য সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম আরও জোরদার করতে হবে। | ০১। উপজেলা নির্বাহী অফিসার<br>০২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>০৩। চেয়ারম্যান (সকল) |
| ০২. | ভাষানিয়া ইউনিয়নের চেয়ারম্যান সভাকে এই মর্মে অবহিত করেন যে, বাল্যবিবাহ বন্ধে ইউনিয়ন পরিষদের সদস্যগণকে নিয়ে সচেতনতা বৃদ্ধিমূলক সভা আয়োজন করে থাকেন এবং বাল্যবিবাহ বন্ধে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করে থাকেন। তবে কোর্ট-ম্যারেজের নামে বিয়ে পড়ানোর বিষয়টি নিয়ে উর্দ্ধতন কর্তৃপেক্ষের নিকট প্রস্তাব প্রেরণের অনুরোধ জানান। | ০১। জেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির সভায় বিষয়টি সম্পর্কে সভাপতি আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি বলেন, সকল ইউনিয়নে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম আরও জোরদার করতে হবে। তিনি আরও বলেন যে, কোর্ট ম্যারিজের মাধ্যমে বিবাহের আইনগত কোন ভিত্তি নেই। এই কারণ দেখিয়ে যতি কোন বিবাহ সংঘটিত হয় তার প্রমাণ পত্রসহ আইনের আওতায় নিয়ে আসার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তাছাড়া তিনি চেয়ারম্যানদের যে কোনো সভায় বাল্যবিবাহ ও যৌতুককে নিরুৎসাহিত করার বিষয়ে আলোচনা করার পরামর্শ প্রদান করেন।

০৩-০৯-২০২৪
ক্ষেমালিকা চাকমা
উপজেলা নির্বাহী অফিসার

**নম্বর:** ৩২.০১.১৯৫৪.০০০.০৬.০০৮.২৪.২০০

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালকের কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অদিদপ্তর, কুমিল্লা;
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল),হোমনা,কুমিল্লা। এবং
৩। অফিস কপি, ।

০৩-০৯-২০২৪
তানজুমা পারভীন লুনা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা